

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওমান্দল হোসেন মাসিক মিয়া

মায়ের চরণ ধুয়ে দিল দুই শতাধিক শিক্ষার্থী

🕒 ১৪ মার্চ, ২০১৮ ইং ০০:০০ মিঃ



চিতলমারী (বাগেরহাট) সংবাদদাতা

গতকাল মঙ্গলবার সকালে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উপলক্ষে বাগেরহাটের চিতলমারী উপজেলার ৩৯ নং শিবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উদ্যোগে আয়োজিত মা সমাবেশ উপলক্ষে ‘চরণ তলে’ অনুষ্ঠানে স্কুলের দুই শতাধিক শিক্ষার্থী তাদের নিজ হাতে মায়ের চরণ ধুয়ে মায়ের কাছে দোয়া কামনা করে। উপস্থিত মায়েরা সন্তানের মুখে মিষ্টি তুলে দিয়ে তাদের সুন্দর ভবিষ্যৎ কামনা করেন।

স্কুল পরিচালনা কমিটির সভাপতি লায়েক আলী মিয়ার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. মোজাফ্ফর উদ্দীন। এ সময় বক্তব্য রাখেন সহকারী প্রাথমিক শিক্ষা কর্মকর্তা গৌতম চন্দ্র রায়, মামুন হোসেন মিল্টন, সহকারী শিক্ষক দিলরুবা হোসেন, কাজী কামরুল ইসলাম, বিকাশ চন্দ্র মজুমদার, ছালমা আক্তারী, প্রতিভা মজুমদার প্রমুখ। অনুষ্ঠানে এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গসহ অভিভাবক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

স্কুলের প্রধান শিক্ষিকা ফেরদৌসি পারভীন বলেন, একজন শিশুর প্রথম শিক্ষক হলেন তার মা। মায়ের পায়ের নীচে সন্তানের বেহেস্ত।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

